**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা রিসোর্স সেন্টার
শেরপুর, বগুড়া।
urc.sherpur.bogra.gov.bd

স্মারক নং : ৩৮.০১.১০৮৮.০০০.১২.০০৫.১৮ তারিখ : ২৯ চৈত্র, ১৪২৮ / ১২ এপ্রিল, ২০২২

**বিষয় : ডিউপার্ট সম্বলিত বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থী ডেপুটেশন প্রদান।**

সূত্র : ৩৮.০১.০০০০.৬০০.২৫.০৪৩.১৯-১৩২/১২২৭, তারিখ: ১১ এপ্রিল, ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের **ডিউপার্ট সম্বলিত বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণ** উপজেলা রিসোর্স সেন্টার, শেরপুর, বগুড়ায় নিম্নোক্ত সময়সূচি মোতাবেক অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী হিসেবে (অনুর্ধ ৫৫ বছর) প্রতি ব্যাচে ৩০ জন এবং **বিষয়ভিত্তিক** প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণপ্রাপ্ত ২ জন শিক্ষককে প্রশিক্ষক হিসেবে ডেপুটেশন প্রদানসহ Training Tracking Software এ এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য কোন অবস্থাতেই একজন শিক্ষককে বর্ণিত প্রশিক্ষণে একাধিকবার ডেপুটেশন প্রদান করা যাবে না।

| ব্যাচ নং | সময়সূচি | মন্তব্য |
|---|---|---|
| ১ম | ১৬/০৪/২০২২-২১/০৪/২০২২ | |
| ২য় | ২৩/০৪/২০২২-২৮/০৪/২০২২ | |

সংযুক্তি: নীতিমালা - ০২ পাতা।

উপজেলা শিক্ষা অফিসার
শেরপুর, বগুড়া।

১২/০৪/২০২২
মোঃ ছায়েদুর রহমান
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
শেরপুর, বগুড়া।
ফোন: ০২৫৮৯৯০৯২১৮

স্মারক নং: ৩৮.০১.১০৮৮.০০০.১২.০০৫.১৮(১১) তারিখ : ২৯ চৈত্র ১৪২৮ / ১২ এপ্রিল ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:**

১) পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা ১২১৬।
২) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
৪) সুপারিনটেনডেন্ট, বগুড়া পিটিআই, বগুড়া।
৫) উপজেলা হিসাব রক্ষণ অফিসার, শেরপুর, বগুড়া।
৬) সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), শেরপুর, বগুড়া।
৭) অফিস কপি।

১২/০৪/২০২২
মোঃ ছায়েদুর রহমান
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
শেরপুর, বগুড়া।
ফোন: ০২৫৮৯৯০৯২১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০৪৩.১৯- ৯৩২/২২২৭

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: ডিউপার্ট সম্বলিত বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণ আয়োজন।**

চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২১-২২ অর্থবছরে সকল ইউআরসি/ টিআরসিতে ০৬ (ছয়) দিন ব্যাপি বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২। বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক যথাযথভাবে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হল।

ক) বর্ণিত প্রশিক্ষণটি আগামী ১৬/১৭ এপ্রিল ২০২২ তারিখ থেকে শুরু করতে হবে।

- ১ম ব্যাচ: ১৬/১৭ এপ্রিল-২১/২২ এপ্রিল
- ২য় ব্যাচ: ২৩/২৪ এপ্রিল-২৮/২৯ এপ্রিল

কোন বিশেষ কারণে সময় পরিবর্তন করতে হলে তা প্রশিক্ষণ বিভাগকে অবহিত করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। সাপ্তাহিক ছুটির দিন (শুক্র ও শনিবার) প্রশিক্ষণ চলমান থাকবে। শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে।

খ) প্রতিদিন সকাল ০৯.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ০৮.৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে বাধ্যতামূলকভাবে স্বাস্থ্যবিধি/SOP অনুসরণ করে উপস্থিতি নিশ্চিত করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শুরুর পূর্বেই তাঁর 'কোভিড-১৯ টিকাদান কার্ড' ও ইতোপূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেননি মর্মে অঙ্গীকারনামা ইউআরসি/ টিআরসিতে জমা দিতে হবে। তবে ঢাকার ক্ষেত্রে পিইডিপি৪ এর আওতায় প্রশিক্ষণ করেনি এমন অঙ্গীকারনামা দিতে হবে।

গ) ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরের সাথে সমন্বয়পূর্বক উপজেলা/ থানা শিক্ষা অফিসার শিক্ষকের নাম, পদবী ও অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ব্যাচওয়ারী শিক্ষক মনোনয়ন প্রদান করবেন। মনোনয়নকারী হিসেবে উপজেলা/ থানা শিক্ষা অফিসার (নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে) Training Tracking Software এ এন্ট্রি করবেন। ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ সমন্বয়কারী হিসেবে (নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে) শিক্ষকগণের তথ্য Training Tracking Software এ এন্ট্রি করবেন। তথ্য এন্ট্রিজনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে ইমেইলে (helpimddpe@gmail.com) যোগাযোগ করা যেতে পারে। কোনোভাবেই তথ্য এন্ট্রি না দিলে সংশ্লিষ্টগণ দায়ী থাকবেন।

ঘ) প্রশিক্ষণার্থীদের বয়স অনূর্ধ্ব ৫৫ হতে হবে, তবে অপেক্ষকৃত অল্প বয়সীদের এ প্রশিক্ষণে উৎসাহিত করতে হবে। প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষক প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করবেন। কোন অবস্থাতেই একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না। একটি বিদ্যালয় হতে একই ব্যাচে একাধিক শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে না। জেন্ডার সমতা বজায় রেখে ব্যাচে প্রশিক্ষনার্থী মনোনয়ন দিতে হবে। যদি সমতা বজায় রাখা না যায় তবে মন্তব্য কলামে তার কারণ উল্লেখ করতে হবে। বাজেট সংকুলান সাপেক্ষে প্রতিটি বিদ্যালয় থেকে কমপক্ষে ১ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদানের পর ৬ (ছয়) জনের বেশি শিক্ষক আছে এমন বিদ্যালয় থেকে আরও ১ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা যাবে।

ঙ) উপজেলা/ থানা শিক্ষা অফিসারগণ ইতোমধ্যে প্রশিক্ষণপ্রাপ্ত ও নির্বাচিত বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান বিষয়ক ট্রেইনারদের মধ্য থেকে ০২ (দুই) জন প্রশিক্ষককে ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরগণের সাথে সমন্বয়পূর্বক প্রশিক্ষকের দায়িত্ব প্রদান করবেন। বিশেষ ক্ষেত্র ছাড়া একজন প্রশিক্ষক পরপর দু'ব্যাচে প্রশিক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন না।

চ) যেসকল ইউআরসি/টিআরসিতে অতিরিক্ত প্রশিক্ষণকক্ষের সুবিধা থাকা সাপেক্ষে যদি একই সাথে ২ (দুই) টি বিষয়ে বা ০২টি ব্যাচ প্রশিক্ষণ পরিচালনা করার প্রয়োজন হয় সেক্ষেত্রে কর্মরত সহকারী ইন্সট্রাক্টর ০১টি ব্যাচের কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করবেন।

ছ) প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী মনোনয়নে কোন অনিয়ম পরিলক্ষিত হলে মনোনয়নকারী কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

জ) প্রশিক্ষণ বিভাগ কর্তৃক সরবরাহকৃত বিষয়ভিত্তিক (প্রাথমিক বিজ্ঞান) প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী প্রশিক্ষণসূচির আলোকে প্রশিক্ষকগণ প্রশিক্ষণ পরিচালনা করবেন। সরবরাহকৃত ৩য়-৫ম শ্রেণি পর্যন্ত প্রণয়নকৃত বিজ্ঞান বিষয়ক ডিউপার্ট ৫ম ও ৬ষ্ঠ দিনের বিজ্ঞান, প্রযুক্তি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিবেশনের সাথে সমন্বয়পূর্বক প্রশিক্ষণার্থীগণকে অবহিত করতে হবে। এ বিষয়ে প্রশিক্ষকগণের সাথে কোর্স কো-অর্ডিনেটর প্রশিক্ষণ শুরুর পূর্বেই আলোচনা করবেন। ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে নির্ধারিত দিনে প্রশিক্ষণ শুরু করবেন।

ঝ) ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য, কোর্স-কোঅর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালনের সময় একই ব্যক্তি অন্য কোন প্রশিক্ষণের কো-অর্ডিনেটর/প্রশিক্ষণার্থী/সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

ঞ) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণের গ্রেডভিত্তিক মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট/ উপজেলা/থানা শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করতে হবে।

ট) পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ে সংযুক্ত শিক্ষকগণ ও শিশুকল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে যথাযথ নির্দেশনা অনুসরণ করে এ প্রশিক্ষণের অন্তর্ভুক্ত করবেন।

ঠ) প্রশিক্ষণ চলাকালীন যেকোনো সময় উপজেলা, জেলা, অধিদপ্তর ও মন্ত্রণালয়ের মেন্টরগণ প্রশিক্ষণ মনিটরিং ও মেন্টরিং গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণ পরিবীক্ষণ করবেন।

ড) প্রশিক্ষণের সমাপনী দিনে ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করবেন।

ঢ) ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাজেট বিভাজন অনুসারে প্রশিক্ষণের যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। তিনি যে কোনো আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৩। প্রশিক্ষণ সমাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে প্রশিক্ষণার্থী মহিলা ও পুরুষ সংখ্যা ও মোট সংখ্যা উল্লেখপূর্বক প্রশিক্ষণের বিস্তারিত মূল্যায়ন প্রতিবেদন পরিচালক (প্রশিক্ষণ) বরাবর প্রেরণ করবেন।

সংযুক্তি:

১. প্রশিক্ষণসূচি
২. বাজেট বিভাজন
৩. SOP

২৮/৪/২০২২

ড. উত্তম কুমার দাশ
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬
ইমেইল: dirtraindpe@gmail.com

ইন্সট্রাক্টর
উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. পরিচালক, অর্থ ও সংগ্রহ/ মনি: ও মূল্যা/আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা .................. (সকল বিভাগ)।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার .................. (সকল জেলা)।
৫. সুপারিনটেনডেন্ট.................. (সকল) পিটিআই (সংশ্লিষ্ট ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টরকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।)
৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.................. (সকল জেলা)।
৭. উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা).............. উপজেলা/ থানা......................জেলা (প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে যথা সময়ে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো)।
৮. উপজেলা/ থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল উপজেলা/থানা)............................উপজেলা/ থানা...................... জেলা।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১০. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১১. অফিস কপি।